



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
কলেজ শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.২৯

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩০

০৪ অক্টোবর ২০২৩

বিষয়: ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন ঝিনাইদহ-মাগুরা সম্মিলিত মহাবিদ্যালয়-এর অনুমোদিত ও চলমান গভর্নিং বডি'র সভাপতি পদ বাতিল করা প্রসঙ্গে

সূত্র: উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ-এর গত ১২-০৬-২০২৩ খ্রি. তারিখে প্রেরিত

০৫.৪৪.৪৪১৯.০০০.৩৮.০০৭.২০-৪২৬ সংখ্যক স্মারকে প্রেরিত তদন্ত প্রতিবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন ঝিনাইদহ-মাগুরা সম্মিলিত মহাবিদ্যালয়-এর অনুমোদিত গভর্নিং বডি'র বিরুদ্ধে এ্যাড: আব্দুল মালেক মিনা বিভিন্ন অয়িমের একটি অভিযোগ দায়ের করেন। অভিযোগের বিষয়গুলি উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর-কে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হয়। অভিযোগের সংশ্লিষ্ট বিষয়গুলি উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন।

উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর-এর তদন্ত প্রতিবেদনে উপর্যুক্ত কলেজের গভর্নিং বডি গঠন এবং সভাপতি মনোনয়নের ক্ষেত্রে প্রবিধানমালা ২০০৯ ৫(৩) এবং ৮(৩) ধারা লঙ্ঘনসহ অভিযোগের সংশ্লিষ্ট বিষয়গুলি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এ বোর্ড হতে গত ২৩-০১-২০২৩ খ্রি. তারিখে ৩৭.১১.৪০৪১.৪৪১.১১.০০১.২০.১৪৬২ সংখ্যক স্মারকে ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন ঝিনাইদহ-মাগুরা সম্মিলিত মহাবিদ্যালয়-এর অনুমোদিত ও চলমান গভর্নিং বডি'র সভাপতি জনাব মো: শহীদুল ইসলাম শিকদার-কে সভাপতির পদ হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। চলমান গভর্নিং বডি'র অবশিষ্ট মেয়াদের জন্য একজন সভাপতি মনোনয়নের জন্য প্রবিধানমালা ২০০৯ এর ৫(৩) ধারা পরিপূর্ণভাবে অনুসরণপূর্বক ০৩ জনের নামের তালিকা এবং আনুষঙ্গিক কাগজপত্রসহ ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে বোর্ডের অনলাইনে আবেদন দাখিল করার জন্য বলা হলো।

৪-১০-২০২৩

সমীর কুমার কুন্ডু

কলেজ পরিদর্শক

ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮

ফ্যাক্স: ০৪২১-৬৮৬৯২

ইমেইল: ic@jessoreboard.gov.bd

বিতরণ :

১) অধ্যক্ষ, ঝিনাইদহ-মাগুরা সম্মিলিত মহাবিদ্যালয়,

ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

২) জনাব মো: শহীদুল ইসলাম শিকদার, প্রাক্তন সভাপতি,

গভর্নিং বডি, ঝিনাইদহ-মাগুরা সম্মিলিত মহাবিদ্যালয়,

ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.২৯/১(৪)

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩০

০৪ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

- ২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝিনাইদহ সদর
৩) এ্যাড: আব্দুল মালেক মিনা, গ্রাম-জিতোড় কুটিপাড়া, টিকারী বাজার, সদর, ঝিনাইদহ
৪) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



৪-১০-২০২৩

সমীর কুমার কুন্ডু
কলেজ পরিদর্শক